

গায়ক - লোকমান ফকির
পদকর্তা - বিলাস

মধুর রসের সাধন ভজন জীবে নিতে পারে কই
দশে ছয়ে ষোলোর অধীন জানেনা সে ষোলো বই।
কাম ক্রোধ ষড়রিপুগণে যন্ত্রণা দেয় জীবের প্রাণে
আপন স্বরূপ রয় না মনে দ্বেষ হিংসাতে জ্বলে সেই।
মধুর রসের সাধন ভজন জীবে নিতে পারে কই
গোবরেরই পোকা যেমন গোবরেতে থাকে মগন
তেমনি ধারা জীবের মরণ খাবে কেন মাখন দই।
মধুর রসের সাধন ভজন জীবে নিতে পারে কই
আকাশেতে শকুন ওড়ে মন থাকে তার গো ভাগাড়ে
মধুর মিষ্টি যতই থাকুক জানে না সে মড়ি বই।
মধুর রসের সাধন ভজন জীবে নিতে পারে কই।